# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩

তারিখ: ২৯ মে ২০২৫
১৫ জ্যৈষ্ঠ ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর নির্বাচিত স্থানে স্থাপিত কোরবানির পশুর হাট নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ সান্ধ্য ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় যথাক্রমে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন স্থানে কোরবানির পশুর হাট পরিচালিত হতে যাচ্ছে। এসকল হাটে অধিক সংখ্যক ক্রেতা ও ব্যবসায়ীর সমাগম এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন সংঘটিত হয় বিধায় ক্রেতা ও ব্যবসায়ী উভয়ের আর্থিক লেনদেনের নিরাপত্তা বিধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোরবানির পশুর হাট সংলগ্ন বা নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা এবং সংশ্লিষ্ট পশুর হাটে স্থাপিত অস্থায়ী বুথ ব্যবহার করে কোরবানির পশুর ক্রেতা ও ব্যবসায়ীগণ যেন তাদের পশু ক্রয়-বিক্রয়ের অর্থ সহজে লেনদেন করতে পারেন তা নিশ্চিত করতে ব্যাংকিং সহায়তা প্রদান জরুরী।

২। বর্ণিত প্রেক্ষিতে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে:

২.১। আগামী ০৩/০৬/২০২৫ তারিখ হতে ঈদ-উল-আযহার আগের দিন পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কোরবানির পশুর হাট (সংযুক্তি-১ এ বর্ণিত) নিকটবর্তী ব্যাংক শাখা/উপশাখা স্বীয় বিবেচনায় নির্বাচন করে বিশেষ ব্যবস্থায় খোলা রেখে সকাল ১০:০০ টা হতে রাত ১০.০০ পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালু রাখা;

২.২। পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে কোরবানির পশুর হাটে স্বীয় বিবেচনায় অস্থায়ী বুথ স্থাপনের মাধ্যমে অর্থ জমা নেওয়া, উত্তলন ও নতুন হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ; এবং

২.৩। সংশ্লিষ্ট ব্যাংক শাখা/উপশাখা/বুথগুলোতে অতিরিক্ত সময়ে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীগণের বিশেষ ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

# সংযুক্তি-১

## আসন্ন ঈদুল আযহা-২০২৫ উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় নির্বাচিত কোরবানির পশুর হাটের তালিকা।

| | ক্রমিক নং | হাটের ঠিকানা |
|---|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ১ | উত্তরা দিয়াবাড়ি ১৬ ও ১৮ নং সেক্টরসংলগ্ন বউ বাজার এলাকার খালি জায়গা |
| | ২ | ভাটারা সুতিভোলা খাল সংলগ্ন খালি জায়গা (ভাটারা সুতিভোলা |
| | ৩ | ভাটুলিয়া সাহেব আলী মাদ্রাসা থেকে ১০নং সেক্টর রানাভোলা স্লুইসগেট পর্যন্ত এলাকা |
| | ৪ | খিলক্ষেত থানাধীন ৪৩ নম্বর ওয়ার্ডের মস্তুল চেকপোস্ট সংলগ্ন পশ্চিম পাড়া এলাকা |
| | ৫ | মোহাম্মদপুর বছিলাস্থিত ৪০ ফুট রাস্তা সংলগ্ন খালি জায়গা |
| | ৬ | মিরপুর গাবতলী গবাদি পশুর হাট |
| | ৭ | মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নং-৬ (ইস্টার্ন হাউজিং) এর খালি জায়গা |
| | ৮ | খিলক্ষেত বনরূপা আবাসিক এলাকা |
| | ৯ | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট সংলগ্ন খালি জায়গা |
| ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ১০ | ইন্সটিটিউট অব লেদার টেকনোলজি কলেজের পূর্ব পাশ এলাকা |
| | ১১ | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজারের মৈত্রী সংঘ ক্লাবসংলগ্ন আশপাশ এলাকা |
| | ১২ | পোস্তগোলা শ্মশানঘাটের পশ্চিম পার্শ্বে নদীর পাড় এলাকা |
| | ১৩ | দনিয়া কলেজের পূর্ব পার্শ্বে ও সনটেক মহিলা মাদ্রাসার পূর্ব পশ্চিম এলাকা |
| | ১৪ | সাদেক হোসেন খোকা মাঠের দক্ষিণ পার্শ্বের খালি জায়গা ও ধোলাইখাল ট্রাক টার্মিনাল |
| | ১৫ | রহমতগঞ্জ ক্লাবসংলগ্ন এলাকা |
| | ১৬ | শ্যামপুর কদমতলী ট্রাক স্ট্যান্ডসংলগ্ন এলাকা |
| | ১৭ | কমলাপুর সাদেক হোসেন খোকা কমিউনিটি সেন্টারের পূর্ব পাশ এলাকা |
| | ১৮ | আমুলিয়া আলীগড় মডেল কলেজের উত্তর পূর্ব পাশ এলাকা |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ১৯ | সাগরিকা |